গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৭.১৮-১৭৯

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৭ বঃ
২১ জুলাই ২০২০ খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ মামলার ০৩.০৭.২০১৮ তারিখের রায়/আদেশের আলোকে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দোহলপাড়া জনতা বহুমুখী আলিম মাদ্রাসা'র আলিম ও এসএসসি (ভোকেশনাল) স্তর দুটির এমপিও কোড প্রদানপূর্বক শিক্ষক/কর্মচারীর অনুকূলে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করন।

সূত্র: মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত আপিল নং-৪৪৬/১৯

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৯.০৬.২০১৫ খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০০১.২০১৫.২৫৬ সংখ্যক স্মারকমূলে নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্তর পরিবর্তনের বিষয়ে জেলা শিক্ষা অফিসারদের নিকট হতে প্রাপ্ত বর্ণিত তথ্যাদি যাচাইকরণসহ প্রেরিত ছক মোতাবেক জেলা প্রশাসকের মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০২ সে প্রেক্ষিতে জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক গত ২৬.১০.২০১৫ তারিখের ০৫.৪৭.৭৩০০.০০২.০২.০০৯.২০১৫.৩৫ সংখ্যক স্মারকমূলে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দোহলপাড়া জনতা বহুমুখী আলিম মাদ্রাসার তথ্য যাচাই প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

০৩। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৮.০৯.২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৪.২০১৬.৪৫০ সংখ্যক স্মারকমূলে ৮১টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে মাধ্যমিক পর্যায়ে ও ৪৫টি উচ্চ মাধ্যমিক কলেজ-কে ডিগ্রী পর্যায়ে কোড/স্তর পরিবর্তন করে পত্র জারি করা হয়।

০৪ উক্ত স্মারকমূলে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দোহল পাড়া জনতা বহুমুখী আলিম মাদ্রাসা'র এসএসসি (ভোকেশনাল) এবং আলিম স্তর/কোড পরিবর্তন না হওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মোঃ খালেদুল ইসলাম কর্তৃক মহামান্য আদালতে রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ দায়ের করা হয়।

০৫ মহামান্য আদালত কর্তৃক রিট পিটিশন নং- ১৫৪৮০/২০১৭ মামলায় ০৩.০৭.২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশের একাংশ নিম্নরূপ-

"And the respondents are directed to Change the Code/Level of S.S.C (Vocational) course and also of Alim Class of the petitioner's Dohalpara Janata Bahumukhi Alim Madrasha (Madrasha Code No- 14840, EIIN No 124817) as per inquiry report dated 05.08.2015 and resolution of meeting dated 25.10.2015 inquiry verification committee and letter dated 26.10.2015 of the Deputy Commissioner, Nilphamari under Memo No 05.47.7300.002.02.009.2015-35 dated 26.10.2015 (Annexure'O' series) in terms of Memo No 37.00.0000.074.29.004.2016.450 dated 19.09.2017 (Annexure-"S) within 30 (thirty) days from the date of receipt of the judgment and order of this Court".

০৬। উক্ত রিট পিটিশন নং-১৫৪৮০/২০১৭ মামলার ০৩.০৭.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক আপীল বিভাগে CPLA নং-৪৪৬/২০১৯ মামলা দায়ের করা হলে আপীল বিভাগ কর্তৃক ১৯.০৩.২০ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

The leave petition is out of time by 222 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory

Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation.

০৭। যেহেতু মহামান্য হাইকোর্টের ০৩.০৭.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দোহলপাড়া জনতা বহুমুখী আলিম মাদ্রাসা'র আলিম ও এসএসসি (ভোকেশনাল) স্তর দুটির এমপিও কোড প্রদানের নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়েরকৃত CPLA নং-৪৪৬/২০১৯ মামলাটি (সময় তামাদির কারণে) খারিজ হয়ে গেছে, সেহেতু বর্ণিত প্রতিষ্ঠানের আলিম ও এসএসসি (ভোকেশনাল) স্তর দুটির এমপিও কোড চালু করা আবশ্যক।

চলমান পাতা- ০২

০৮। এমতাবস্থায়,

ক. মহামান্য আপিল বিভাগে সরকার তথা ডিএমই এবং ডিটিই কর্তৃক দাখিলকৃত আপিল মামলা নং ৪৪৬/১৯ এর রায় হতে এটা স্পষ্ট হয় যে, নির্ধারিত সময়ে আপিল দায়ের না হয়ে দীর্ঘ ২২২ দিন (এ ক্ষেত্রে তামাদি মেয়াদ মাত্র ৬০ দিন) পর আপিল দায়ের হয়েছে তবে আপিল আবেদন দাখিলে দেরী হওয়ার কারণও আপিল আবেদনে বর্ণনা করা হয়নি। অর্থাৎ যৌক্তিক কোন কারণ ছাড়াই ২২২ দিন পর আপিল দায়ের হওয়ায় সরকারের আপিল আবেদন মহামান্য আদালত কর্তৃক নামঞ্জুর হয়েছে। অধিকন্তু রিট মামলার রায়ের এক জায়গায় উল্লেখ রয়েছে, "Learned Deputy Attorney General appearing on behalf of the respondents without filing any affidavit in opposition opposes the rule" অর্থাৎ রিট মামলায়ও সরকার পক্ষে কোন জবাব দেয়া হয়নি, অর্থাৎ মামলায় পরিচালনায় চরম গাফিলতি রয়েছে। এরূপ গাফিলতির কারণ জানানোর জন্য এবং চলমান মামলা বা পরবর্তী সকল মামলায় যথাযথ সময়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করা;

খ. রিট পিটিশন নং- ১৩৪৮০/২০১৭ মামলায় ০৩.৭.২০১৮ তারিখে প্রদত্ত মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী (আপিল মামলাও সরকার পক্ষ হেরে যাওয়ায়) নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দোহলপাড়া জনতা বহুমুখী আলিম মাদ্রাসার আলিম ও এসএসসি (ভোকেশনাল) স্তর দুটির এমপিও কোড প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

০৯। বর্ণিত অবস্থায়, উপরিউক্ত মতে তথা ০৮(ক) ও (খ) এর ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ১০.০৮.২০ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

২৭/০৭/২০

(মো: আবুল খায়ের মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০২৩৫

বিতরণ: কার্যার্থে:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২ মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩ যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪ উপসচিব (এমপিও সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮ অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৯। অতিরিক্ত সচিব (মাদ্রাসা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১০ অফিস কপি/মাস্টার কপি